## Practical Guidelines on Counter Human Trafficking

📘 Published by: International Organization for Migration (IOM)

📅 Publication Date: December 2024 / February 2025

This guideline provides a comprehensive, field-tested framework to equip law enforcement agencies (LEAs) with the knowledge and tools to counter human trafficking effectively. It emphasizes a victim-centered and gender-sensitive approach, backed by intelligence-led investigation strategies.

🔹 Key Topics Covered:
- Human trafficking fundamentals and legal framework (HT Act 2012, AML Act 2012)
- Gender discrimination, victim identification & screening
- National Referral Mechanism (NRM) and witness protection
- Victim recovery, repatriation, and rehabilitation
- Conversion of information into actionable intelligence using Anacapa techniques
- Use of Total Quality Management (TQM) for sustainable institutional reform

🎯 Designed for: Trainers, Investigators, and Policy Leads
🧩 Approach: Blended learning (ToT, Online + On-premise rollout)
📈 Includes: LogFrame, KPIs, post-training M&E strategy

This guideline serves as a living tool to ensure LEAs are empowered to curb organized crimes sustainably, with active ownership by top-tier management and a vision for continuous improvement.

**This sample book includes the first 2 of 9 chapters**
**from the Practical Guidelines on Counter Human Trafficking.**

The full version is available at [tutelagebd.com](tutelagebd.com) (login required).

আইন প্রয়োগকারী সংস্থার জন্য

# মানবপাচার

## অপরাধ নিয়ন্ত্রণ বিষয়ক

# ব্যবহারিক নির্দেশিকা



# PRACTICAL GUIDELINES

## on

# Counter Human Trafficking

**for Law enforcement agencies**

Blank page

# সূচি


| মডিউল | বিষয়বস্তু | পৃষ্ঠা | |
|---|---|---|---|
| $ | Executive Summary (নির্বাহী সারসংক্ষেপ) | **$-01** | **$-14** |
| ১ | মানব পাচার সম্পর্কিত প্রাথমিক ধারণা | ০১ | ২২ |
| ২ | জেন্ডারভিত্তিক নির্যাতন ও পাচার | ২৩ | ৩৫ |
| ৩ | সংঘবদ্ধ অপরাধ হিসেবে মানব পাচার | ৩৯ | ৫০ |
| ৪ | সংশ্লিষ্ট বিদ্যমান আইনের মুখ্য বৈশিষ্ট্যসমূহ | ৫১ | ৬২ |
| ৫ | ভিকটিম শনাক্তকরণ ও বাছাই | ৬৩ | ৭৮ |
| ৬ | ভিকটিম রেফারেল প্রক্রিয়া | ৭৯ | ১১০ |
| ৭ | ভিকটিম ও সাক্ষীর সুরক্ষা | ১১১ | ১১৬ |
| ৮ | ভিকটিম উদ্ধার,পুণএকত্রীকরণ ও পুনর্বাসন | ১১৭ | ১২৬ |
| ৯ | এনাকাপা পদ্ধতিতে তথ্য থেকে গোয়েন্দা তথ্য | ১২৭ | ১৫৪ |
| # | প্রশিক্ষণ নির্দেশনা ও সূচি | ৳-০১ | ৳-১৮ |

# EXECUTIVE SUMMARY

## 1.1 BACKGROUND

Human trafficking, characterized as modern-day slavery, entails the use of force, fraud, or coercion to exploit individuals for labor or commercial activities. It is a clandestine, intricate, and widespread issue, as defined by the United Nations, encompassing recruitment, transportation, harboring, or receipt of individuals through improper means for purposes including forced labor or sexual exploitation. Despite concerted efforts by states, organizations, and individuals globally, the scale of this contemporary enslavement remains alarmingly vast, impacting over 40 million people worldwide. The industry, valued at an estimated $150-$200 billion, is predominantly controlled by highly organized transnational criminal networks, particularly evident in South Asia where it generates an annual profit of $52 billion. Notably, about 88% of identified victims in South Asia are trafficked domestically, a phenomenon exacerbated by socio-economic disparities, large populations, and significant internal migration. While migration itself does not equate to trafficking, it can heighten vulnerability, particularly among women and children, due to factors such as desperation for survival and limited awareness of associated risks.

Human trafficking presents a longstanding challenge in Bangladesh, evolving into a profitable enterprise for perpetrators who exploit victims for various forms of exploitation, notably sexual exploitation. While historically Bangladesh has primarily served as a source country, trafficking dynamics have shifted, with the nation now serving as both a transit and destination point, particularly for women and children trafficked for sexual exploitation amid the guise of overseas labor migration. Since the mid-2000s, Bangladesh has increasingly been utilized by traffickers as a destination and transit hub for Rohingya victims from Myanmar.

Over the past two decades, the International Organization for Migration (IOM), Bangladesh Country Office, has played a pivotal role in supporting the Government of Bangladesh in its efforts to combat human trafficking. Notably, IOM provided technical assistance in drafting and enacting the Prevention and Suppression of Human Trafficking Act 2012.

Currently, IOM is implementing a five-year project titled "A Comprehensive Counter Trafficking Program to Address Human Trafficking in Bangladesh" approved by the Public Security Division of the Ministry of Home Affairs (MoHA). The project aims to enhance institutional responses to human trafficking by promoting accountable governance and effective mechanisms for ensuring equal access to justice, aligned with Sustainable Development Goal (SDG) 16.3 .

To achieve this objective, this project is focused on bolstering the implementation of the Prevention and Suppression of Human Trafficking Act 2012 by enhancing the capacity

of Law Enforcement Agencies (LEAs) in victim identification, protection, and trafficking case investigation. This includes the development of Comprehensive Practical Guidelines as training curricula emphasizing a victim-centered approach.

However, addressing human trafficking requires collaborative efforts involving government bodies, international organizations, non-governmental organizations, the private sector, and various actors in human rights, peace, and development. Comprehensive counter-trafficking responses encompass prevention, protection, prosecution, and partnership initiatives.

Furthermore, it is crucial to acknowledge that human trafficking persists in both peaceful and conflict-ridden contexts. In Bangladesh, traffickers exploit vulnerabilities exacerbated by the Rohingya crisis, as well as by broader disasters and conflicts worldwide. This humanitarian crisis has exacerbated existing trafficking trends in Bangladesh, necessitating heightened vigilance from LEAs to combat trafficking, particularly in the context of the Rohingya crisis.

## 1.2 WHY IS THIS PRACTICAL GUIDELINES NECESSARY?

The main objective of this Practical Guidelines is to provide certain guidelines, based on existing laws and practices, for the law enforcement agencies to assist them effectively to deal in human trafficking cases. Another major objective is to provide them with strategies and practical instructions to deal in the complex situation of trafficking offences.

As Human trafficking is an organized crime, as the organized crime by default keeps major crime-proceeds-takers but field-operatives 'unseen', as bringing field-operatives-only-to-book brings little improvement in curbing organize crime, hence, existing practice of taking punitive measures against the-field-operatives-alone hardly disturbs the functionality of organized human traffickers' gang. Practice of developing Crime-Proceeds Flow Chart or Money Flow Chart can successfully lead the LEA to major crime-proceeds-takers or Principal offenders; and are expected to bringing better output in terms of controlling organized crime including Human Trafficking.

Moreover, it really matters, when many of various level not-really-beneficiary personnel apparently take human trafficking offence leniently; and seem to consider human trafficking victims as necessary 'contributors' to the foreign reserve of the country amid Bangladesh has stronger laws on human trafficking. Does a developing country really need to sacrifice the esteem, honor or even lives of some human trafficking victims to keep the foreign reserve up? How the earning of human trafficking victims contributes to foreign reserve, or how it strengthens and re-enforces negative forces and components at home and abroad?

This Practical Guidelines has therefore, need to have something for the LEAs including those strategic along with tactical level personnel to demonstrate how and why earnings of human trafficking victims never pass-through regular banking channel; furthermore, remittance, if collected abroad through improper channel, is paid to foreign counterparts in exchange of some improper or illegal goods or services e.g. Heroin, Yaba, Fake Currency, Corruption, Militancy etc. delivered in home country. So, it always comes with a two-way cut injury- loss of remittance, against which must-have-received illegal or detrimental goods or services; and much more.

Trafficking in Human beings (THB) is a serious crime. THB involves an act committed for the purpose of exploiting someone's labour or services. Victims are compelled to provide their labour or services under circumstances which would be reasonably expected to cause them to fear for their own safety — or for the safety of someone known to them — if they refuse to provide that service or labour. Unlike most other offences, THB violates the autonomy of its victims, often through repeated acts of violence or threats of violence, manipulation and psychological control. These acts or threats of violence will frequently, in and of themselves, constitute separate criminal acts. No single agency alone

can successfully combat these multifaced problems linked with Human Trafficking. A National Referral Mechanisms (NRM) is here to establish partnerships among public, private and international organizations. NRM works primarily on victims of trafficking by ensuring respect and protection of the fundamental rights of victims of trafficking; by meeting their reasonable needs; by providing them with assistance, settlement, recovery and compensation services and by helping them to reintegrate into society, with integrating into local communities and leading normal lives. NRM is not yet officially functional in Bangladesh. LEA have to however, prepare themselves through training along with necessary logistics support to see a victim-centred NRM is functional meeting maximum needs to the victims, eventually beating the Human Trafficking problems effectively with good support and assistance from victims.

Law Enforcement Agencies (LEA) that's why should have a clear understanding and skill on what to and how to do in various situation to handle and to counter human trafficking including contribute effectively in victim-centred NRM.

LEA therefore, requires- I. A Practical Guidelines, II. Training on Practical Guidelines; and lastly not the least, III. The capability to continue roll-out training for the rest of the force and officers to see a better performance with a quicker and stable output.

LEA also needs a crucial level of intra- and inter-agency cooperation to identify and to bring various stakeholders of human trafficking to book.

## 1.3 PRINCIPLES

The Practical Guidelines is based on certain governing principles, which all actors should at all times uphold when dealing in human trafficking cases. These principles that are drawn from the PSHT Act 2012, PSHT Rules 2017, and the National Plan of Action (NPA) 2018 are as follows:

- The principle of non-discrimination that The PSHT Act 2012 makes it mandatory that all concerned parties act based on the principle of equality and that they must not discriminate against any person –victims or witnesses,
- Respect for the human rights and dignity of all (including those accused or who are alleged perpetrators);
- Special care for women, children and persons with disability or lacking working capacity;
- Protection of the best interest of children;
- Effective protection of victims/witnesses and respect for their rights and dignity; and
- Integration of anti-trafficking actions to the sustainable development goals (SDGs) of Bangladesh.

## 1.4 FOR WHOM IS THIS PRACTICAL GUIDELINES?

Curving organized crime like Human Trafficking needs atypical method of investigation along with collective and holistic approach to bring any true positive improvement. With a view to achieve in developing capable workforce, the project aims to develop a comprehensive training curriculum or, a Practical Guidelines for LEA – targeting Police including Special Branch (SB), Criminal Investigation Department (CID), Police Bureau of Investigation (PBI) and Investigation Officials of Rapid Action Battalion (RAB), along with non-investigation agencies like Border Guards of Bangladesh (BGB), Coastguard, Ansar & VDP. This Practical Guidelines is thus developed with two different versions, one for non-investigation agencies (NIA), and the other for Investigation agencies (IA). This hopefully will cover the needs for all law enforcement agencies and front liners that deal with human trafficking victims.

## 1.5 SCOPE AND SOURCES OF THE PRESENT PRACTICAL GUIDELINES

This Practical Guidelines has been built on the existing laws, rules and circular orders dealing with human trafficking (see Section 1.7 below), but it is not a compilation of law and rules. In addition, to close the gaps in the legal regime of human trafficking, current good practices that are observed by different agencies of the government have been incorporated in this present Practical Guidelines.

In particular, this Practical Guidelines is based on the PSHTA 2012, AMLA 2012 and NPA 2018 along with the rules like PSHT Rules 2017, AML Rules 2019. This Practical Guidelines has also been benefited from a number of manual and handouts published by Forensic Training Institute of Criminal Investigation Department, Railway Police and Police Headquarters of Bangladesh Police; namely Child Interview Technique, Interview and Interrogation, Crime Scene Management, Use of Analytical Charts in investigation of Organized Crime, Mobile Finance based Crime Investigation, Cyber Crime and Digital Forensic, Homicide Investigation Manual, Using Physical and Documentary Evidence for Investigation, Inspection Manual, Investigation Manual along with a number of relevant websites. Furthermore, materials were explored from Criminal Intelligence Manual for Analysts published by UNODC and 'আমি জানি তুমি মিথ্যা বলছো' (I know, You are telling a lie)' by Tawfique Mahbub, Additional IG Development, Police Headquarters, Bangladesh Police.

## 1.6 NEED ASSESSMENT WORKSHOP

With a view to develop a Practical Guidelines on Counter Human Trafficking operations for LEAs, it is necessary to find out the gaps between what they currently have and what they want to have in the future in term of playing own roles to curb human trafficking. As any organization or agency is a complex unity, that's why it's often difficult to realize what prevents the agency from getting its expected result. While 'Needs' defines the gaps

between agency's current achievements and its desired future accomplishments, 'Needs assessment' helps organizations to fill the gaps. IOM that's why planned for a Needs assessment workshop to determine the organizations' needs and setting criteria for understanding how to analyze the operational needs and to overlay the way for attaining them with ensuring its continuous progress in curbing Human Trafficking.

Therefore, a National-level Needs Assessment Workshop was organized at CIRDAP, Dhaka on 22 Dec 2022 in participation with MoHA and all other relevant stakeholders from Police, Ansar-VDP, Bangladesh Coast Guard, Border Guard of Bangladesh. Among Police, participants were chosen from Criminal Investigation Department, Special Branch, Police Bureau of Investigation, Police Academy, Police Staff College and investigators of Rapid Action Battalion. In total 27 contributors including 8 women-partakers participated in the workshop. The workshop was inaugurated by the Additional Secretary of Public Security Division of Ministry of Home Affairs.

Participants proposed a number of topics for the Training curriculum and the Practical Guidelines with view to LEAs address Human trafficking in Bangladesh. However, level of focus (e.g. Awareness, Working skill, Expert's knowledge etc.) on each issue has been fluctuated depending on the operational or field requirement of the respective agency. Based on the discussions, we did prefer to divide the LEAs into two groups.

> One, the non-investigator front-liners like Ansar-VDP, Bangladesh Coast Guard, Border Guard of Bangladesh;
>
> Two, Investigator Police, while Police participants were chosen from Criminal Investigation Department, Special Branch, Police Bureau of Investigation, Police Academy, Police Staff College and (investigators of) Rapid Action Battalion.

## 1.7. LAWS AND POLICIES INVOLVED

Both national and international law have important roles to play in combating trafficking in persons. In this case, however, the law enforcement agencies should follow the national/domestic laws of Bangladesh. This does not mean that they should remain ignorant of international rules and standards. Especially, they should take it into consideration that Bangladesh had in September 2019 become a party to "the UN Protocol to Prevent, Suppress and Punish Trafficking in Persons, Especially Women and Children". They should also be aware of the general guidelines and recommendations by the United Nations (UN) on combating human trafficking. In writing this Practical Guidelines, these international instruments and other applicable norms have been considered.

To refute human trafficking, Bangladesh has two crucial robust laws:

I. The Prevention and suppression of Human Trafficking Act 2012

II. The Anti Money Laundering Act 2012 (AML Act 2012)

While the former imputes capital punishment for the perpetrators, the later seizes crime proceeds acquired by the traffickers; also imposes fine and imprisonment. At least hypothetically, these two should have passed a severe message to the stakeholders including perpetrators connected with Human Trafficking home and abroad.

Moreover, III. The National Plan of Action (NPA) for Prevention and Suppression of Human Trafficking 2023-2025 has identified key roles and relevant actions to comprehensively address both internal and cross-border human trafficking. It addresses human trafficking as a problem, which can be effectively resolved through coordinated actions.

The NPA assigns to government ministries and agencies including the LEAs certain tasks and programs such as poverty alleviation activities, elimination of child labour and child marriages, protection of victims through sustainable social integration, ensuring effective prosecution of human trafficking, building capacity of LEAs, and so on, to prevent and combat human trafficking. Furthermore, the NPA is generally crucial to influence the policies of governmental and non-governmental agencies working for the prevention of human trafficking.

Effective controlling of Human Trafficking needs use of the following relevant rules:

IV. The Prevention and Suppression of Human Trafficking Rules, 2017 (PSHT Rules 2017) and

V. The Anti Money Laundering Rules 2019.

The government also enacted another two more rules to regulate a Fund and the Anti-Human-Trafficking Authority, which are:

VI. The Human Trafficking Prevention Fund Rules, 2017 and

VII. The National Anti-Human-Trafficking Authority Rules 2017.

In addition to the above sources, several other laws will be of importance in dealing with human trafficking cases, which may be cited later as and when relevant in this Practical Guidelines.

## 1.8. STRUCTURE OF THE PRACTICAL GUIDELINES

Here are the topics, which have been covered into this Practical Guidelines:

**1.8.1. Basics on Human Trafficking**: Why do we really need to concern about Human trafficking? Does grave violation of Human Rights, Loss or gain of remittance or damage of country’s image be the real practical factors to be

considered? Which agencies or individuals at home or abroad are benefited from Human Trafficking? Why right based and victim-centred approach should have to be pondered in counter human trafficking? How Human Trafficking, irregular migration and safe migration are different from each other?

**1.8.2. Gender discrimination and Human trafficking**: How the second gender become vulnerable to organized criminal groups? How gender sensitivity of respective stakeholders including law enforcement official can contribute in smooth dealing of probable victims with a better operational output.

**1.8.3. Human trafficking as an organized crime.** Human trafficking is essentially an organized crime. According to Section 2(16) of the Prevention and Suppression of Trafficking in Human Beings Act, 2012, 'organized criminal gang' means any structured organization of two or more persons, irrespective of nationality and location, which is active for a specified period and whose members work together for the purpose of committing an offense under this Act. Organized crime syndicates use Sophisticated methods of communication, transportation and money laundering to carry out their criminal activities. The queer characteristics of Organized Crime is that major crime-proceeds-takers or Principal beneficiaries of organized crime are generally not 'visible' - they have to be made 'visible' using analytical charts. On the contrary, while field-level active criminals remain very much visible, 'effective' development of the crime situation cannot be achieved by bringing them to book only. Creating more worries for the LEA, they are easily replaceable; so once one 'field operative' is punished, there is always another ready to take his/her place making it simply impossible to curb down organized crime. The effective way to control organized crime is therefore to bring major crime proceeds takers to book by tracing and forfeiting crime proceeds. Intelligence-led proactive policing is also a must to bring positive changes in the situation.

**1.8.4. Major characteristics of Human Trafficking Act 2012 and Anti Money Laundering Act 2012.**

Basic features of existing Law on Human Trafficking, primarily Prevention and suppression of Human Trafficking Act 2012 and Anti Money Laundering Act 2012 are discussed here.

**1.8.5. Victim Identification and screening**

Victim identification is important to ensure the rescue of victims or victims, provide them with timely protection and assistance, restore the rights of victims or victims, disrupt the process of trafficking and stop the exploitation of victims or victims, and ensure that perpetrators are brought to justice. But the victim identification process is complicated, as traffickers take every precaution to hide their crimes and victims are often unwilling to cooperate. Members of law

enforcement agencies often come into contact with victims because of their role. That is why proper training of first respondents or front-line respondents is very important.

**1.8.6. Victim referral process**. Identifying victims of human trafficking is a complex and challenging task, especially in border areas where there is frequent cross-border movement. However, some guidelines for front liners can help to identify potential victims of human trafficking in border areas. It is important to note that these guidelines are not exhaustive and identifying victims of human trafficking is a complex and challenging task. Front liners should be properly trained and educated on human trafficking so that they can recognize the signs and respond appropriately to protect and assist victims.

The National Anti-Trafficking Agency constituted under section 43 of the Suppression and Prevention of Trafficking in Persons Act, 2012 shall actively assist the victims of human trafficking and to protect their fundamental rights for proper disposal of their interests through a referral mechanism or National Referral Mechanisms (NRM). Establishing a functional NRM requires a collaborative effort from all stakeholders involved in anti-trafficking efforts. The private sector and civil society can also contribute to the establishment and operation of NRM by providing funding, expertise, and support services. International organizations can provide technical assistance, capacity-building, and best practices for NRM. The main objective of NRM is to ensure that victims of trafficking receive respect and protection for their fundamental rights, meet their reasonable needs, and receive assistance, settlement, recovery, and compensation services. Additionally, NRM helps victims reintegrate into society, integrate into local communities, and lead normal lives. As NRM is not yet officially functional in Bangladesh, it is crucial to take necessary actions to establish a victim-centered NRM that can meet the maximum needs of trafficking victims.

**1.8.7. Victim and Witness Protection scheme.** To provide safety and security to victims and witnesses require a comprehensive and multifaceted approach that prioritizes education and awareness, use of pseudonyms, secure means of communication, limited access to information, protective orders, and physical protection. By implementing these strategies, law enforcement agencies and other stakeholders can protect the privacy of victims and witnesses, encourage their participation in investigations, and hold perpetrators accountable. Ensuring their safety and security will encouraging them to come forward and share information with law enforcement.

**1.8.8. Victims' recovery, repatriation and rehabilitation:** Law enforcement agencies play crucial role in the recovery, reintegration and rehabilitation of

victims of human trafficking. Members of law enforcement agencies need skill to recognize the signs of trafficking and to work with victims in a sensitive and compassionate manner. Law enforcement agencies have a responsible role to play in ensuring the safety of victims of trafficking during and after rescue, including providing temporary shelter to victims of human trafficking, protection from traffickers, and safety during legal proceedings. These services must be provided in a trauma-informed manner, recognizing the unique needs and experiences of trafficking survivors. Victim and witness protection of trafficking requires collaboration between multiple agencies, including law enforcement, social services, and legal professionals. These agencies must work together to ensure that victims and witnesses receive seamless access to holistic services and that their safety is protected.

#### 1.8.9. How to convert Information to Intelligence using Anacapa techniques

ANACAPA is a structured approach to developing intelligence from raw information. ANACAPA is applied to a variety of situations, particularly in the prevention of organized crime, including efforts to combat human trafficking. ANACAPA helps to identify patterns and trends in organized crime, which can identify potential traffickers, victims, and other key actors in human trafficking networks. The ANACAPA technique is a information-to-intelligence method used by law enforcement or intelligence agencies worldwide.

### 1.9. Critical Success Factors (CSF) for Total Quality Management (TQM)

This Practical Guidelines on Counter Human Trafficking is to highlight the needs of LEA that will guide them to deal in human trafficking effectively and professionally. This is also to discuss in detail with case studies, media reference, statistics where applicable with motivational approach. Hence, the training program will be a combination of 9 most commonly used methods like: Brainstorming, Case study, Group study, Role play, Demonstrations, Lecture exposure, Reading, Structured exercise and Trainer's presentation.

Nevertheless, to provide training to 20 or 40 officers of an organization likely to bring the little improvement, unless the rest of the force are brought in the upgraded capacity building process amid Total Quality Management (TQM) requires the coordinated involvement of the whole of any organization. That's why the improvement of quality being a continuous effort, needs to be conducted throughout the entire organization. To assure its success, Total Quality Management (TQM) requires: Standards must be developed, Procedures well defined, and ALL involved must follow strict adherence to the Practical Guidelines. What could be the plan to deal in the WHOLE? Online Training along with on-premise examination to train the rest of the force may be considered as an alternative. Furthermore, considering volume of the curriculum, it may be found

beneficial to do some part of the training online, as an online platform will be helpful to engage the participants with home tasks or pre-course study.

The Top management of LEAs should settle the following issues:

One, To select only suitable Trainers, who has Training background.

Two, To engage Training wing of each respective agency to continue online and on-premise roll-out training within a specific time frame.

Three, To ensure necessary Training Equipment (e.g. laptops, smartphone etc.) for online study and examination

Four, Practical Guidelines might be circulated in the form of a Circular order or that of a Rule centrally by MoHA or by each agency.

Finally, the Critical Success Factor (CSF) of the project is that Top-tier management of each agency understands its own role in curbing organized crimes including human trafficking and takes necessary steps to continue online and on-premise Rollout Trainings even after the project is formally over. This is also to ensure Total Quality Management (TQM) in the capacity building of respective LEA - keeping in mind that the initiative through the project will surely enhance the institutional response to organized crimes including counter-human-trafficking and will promote accountable and effective governance mechanisms.

# ১. মানব পাচার সম্পর্কিত প্রাথমিক ধারণা

**১.১. মানব পাচার কি?**

২০১২ সালের মানব পাচার প্রতিরোধ ও দমন আইন-এর ধারা ৩ অনুসারে (১) ‘মানব পাচার’ অর্থ কোন ব্যক্তিকে—**(ক)** ভয়ভীতি প্রদর্শন বা বলপ্রয়োগ করে; বা **(খ)** প্রতারণা করে বা উক্ত ব্যক্তির আর্থ-সামাজিক বা পরিবেশগত বা অন্য কোন অসহায়ত্বকে (vulnerability) কাজে লাগিয়ে; বা **(গ)** অর্থ বা অন্য কোন সুবিধা (kind) লেনদেন-পূর্বক উক্ত ব্যক্তির উপর নিয়ন্ত্রণ রয়েছে এমন ব্যক্তির সম্মতি গ্রহণ করে;
বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে যৌন শোষণ বা নিপীড়ন বা শ্রম শোষণ বা অন্য কোনো শোষণ বা নিপীড়নের (exploitation) উদ্দেশ্যে বিক্রয় বা ক্রয়, সংগ্রহ বা গ্রহণ, নির্বাসন বা স্থানান্তর, চালান বা আটক করা বা লুকিয়ে রাখা বা আশ্রয় দেওয়া (harbour)।

(২) যেক্ষেত্রে কোন শিশু পাচারের শিকার হয়, সেইক্ষেত্রে উপ-ধারা (১) এর দফা (ক) হতে (গ) তে বর্ণিত মানব পাচার অপরাধ সংঘটনের মাধ্যমসমূহ (means)অনুসৃত হয়েছে কিনা তা বিবেচিত হবে না।

ব্যাখ্যা।— এ ধারার উদ্দেশ্য পূরণকল্পে, যদি কোন ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে প্রতারণার মাধ্যমে, অসৎ উদ্দেশ্যে এবং বাধ্যতামূলক শ্রম বা ‘সার্ভিচিউড’ (servitude) বা ধারা-২ এর উপ-ধারা (১৫) এ বর্ণিত কোনো শোষণ বা নিপীড়নমূলক পরিস্থিতির শিকার হতে পারে মর্মে জানা থাকা সত্বেও অন্য কোন ব্যক্তিকে কাজ বা চাকুরীর উদ্দেশ্যে গমন, অভিবাসন বা বহির্গমন করতে প্রলুব্ধ বা সহায়তা করে, তা হলে উক্ত ব্যক্তির উক্ত কর্ম উপ-ধারা (১) এ সংজ্ঞায়িত ‘মানব পাচার’ এর অন্তর্ভুক্ত হবে।

মানব পাচার প্রতিরোধ আইন ২০১২-এর ধারা ২(১৫) অনুসারে ‘শোষণ’ বা ‘নিপীড়ন’ (exploitation) অর্থ কোন ব্যক্তির বিরুদ্ধে তার সম্মতিক্রমে বা বিনা সম্মতিতে কৃত নিম্নলিখিত কার্যসমূহ, তবে কেবল এসব বিষয়েই এর অর্থ সীমিত হবে না-

(ক) পতিতাবৃত্তি বা যৌন শোষণ বা নিপীড়নের মাধ্যমে কোন ব্যক্তিকে শোষণ বা নিপীড়ন;
(খ) কোন ব্যক্তিকে পতিতাবৃত্তি অথবা পর্ণোগ্রাফি উৎপাদন বা বিতরণে নিয়োজিত করে মুনাফা ভোগ;
(গ) জবরদস্তিমূলক শ্রম বা সেবা আদায়;
(ঘ) ঋণ-দাসত্ব (debt-bondage), দাসত্ব বা সার্ভিচিউড় (servitude) , দাসত্বরূপ কর্মকান্ড, বা গৃহস্থালীতে সার্ভিচিউড়;
(ঙ) প্রতারণামূলক বিবাহের মাধ্যমে শোষণ বা নিপীড়ন;
(চ) কোন ব্যক্তিকে জোরপূর্বক বিনোদন ব্যবসায় ব্যবহার;
(ছ) কোন ব্যক্তিকে ভিক্ষাবৃত্তিতে বাধ্য করা; এবং (জ) ব্যবসা করার উদ্দেশ্যে অপরের অঙ্গ-প্রত্যঙ্গহানী বা কাউকে বিকলাঙ্গ করা;

মানব পাচার প্রতিরোধ আইন ২০১২-এর ধারা ২(১৯) অনুসারে ‘সার্ভিচিউট’ (servitude) অর্থ কাজ বা সেবা প্রদান করার বাধ্যবাধকতা অথবা কাজ বা সেবার জবরদস্তিমূলক শর্তাবলী, যা হতে সংশ্লিষ্ট ব্যক্তির নিষ্কৃতি মেলে না বা যা তিনি ঠেকাতে বা পরিবর্তন করতে পারেন না।

জাতিসংঘ প্রটোকল ২০০০ (The 2000 UN Protocol to prevent, suppress and punish trafficking in persons)-এর ৩ অনুচ্ছেদ অনুসারে (ক) "মানব পাচার" বলতে শোষণের উদ্দেশ্যে হুমকি বা বলপ্রয়োগের মাধ্যমে বা অন্য ধরনের জবরদস্তি, অপহরণ, প্রতারণা, জালিয়াতি, ক্ষমতা বা দুর্বলতার অবস্থান অপব্যবহার করে কিংবা অর্থ প্রদান

বা সুবিধা প্রদান বা গ্রহণ করে অন্য ব্যক্তির উপর নিয়ন্ত্রণ থাকা ব্যক্তির সম্মতি অর্জনের মাধ্যমে কোন ব্যক্তির নিয়োগ, পরিবহন, স্থানান্তর, আশ্রয় বা গ্রহণকে বোঝায়। শোষণ বলতে ন্যূনতমভাবে অন্যের পতিতাবৃত্তির শোষণ বা যৌন শোষণের অন্যান্য রূপ, জোরপূর্বক শ্রম বা পরিষেবা, দাসত্ব বা দাসত্বের অনুরূপ অনুশীলন, দাসত্ব বা অঙ্গ অপসারণকে বুঝায়।

(খ) উপ-অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত উদ্দেশ্যমূলক শোষণের জন্য মানব পাচারের শিকার ব্যক্তির সম্মতি অপ্রাসঙ্গিক হবে যেখানে উপ-অনুচ্ছেদে (ক) উল্লিখিত যে কোনও উপায় ব্যবহার করা হয়েছে;

(গ) শিশুর ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ (ক)-তে উল্লিখিত কোনও উপায়ের সাথে জড়িত না থাকলেও একটি শিশুর নিয়োগ, পরিবহন, স্থানান্তর, আশ্রয় বা প্রাপ্তি "মানব পাচার" হিসাবে বিবেচিত হবে ;

(ঘ) "শিশু" অর্থ আঠারো বছরের কম বয়সী যেকোন ব্যক্তিকে বুঝাবে৷

**১.২. মানব পাচার মুখ্য উপাদানসমূহ:**

পাচারচক্রের মুখ্য উপাদানসমূহ যথা- প্রক্রিয়া, পথ বা উপায় এবং উদ্দেশ্য ২০১২ সালের মানব পাচার প্রতিরোধ ও দমন আইন-এর ধারা ৩ থেকে সরলীকৃত করে নিম্নলিখিত ছকে উপস্থাপন করা হল:

১। কার্য- কোন নারী, পুরুষ বা শিশু বিক্রয় বা ক্রয়, সংগ্রহ বা গ্রহণ, নির্বাসন বা স্থানান্তর, চালান বা আটক করা বা লুকিয়ে রাখা বা আশ্রয় দেওয়া।

২। কারণ বা উদ্দেশ্য- যৌন শোষণ বা নিপীড়ন বা শ্রম শোষণ বা অন্য কোনো শোষণ বা নিপীড়ন।

৩। পদ্ধতি বা উপায়- **(ক)** ভয়ভীতি প্রদর্শন বা বলপ্রয়োগ করে; বা **(খ)** প্রতারণা করে বা উক্ত ব্যক্তির আর্থ-সামাজিক বা পরিবেশগত বা অন্য কোন অসহায়ত্বকে (vulnerability) কাজে লাগিয়ে; বা **(গ)** অর্থ বা অন্য কোন সুবিধা (kind) লেনদেন-পূর্বক উক্ত ব্যক্তির উপর নিয়ন্ত্রণ রয়েছে এমন ব্যক্তির সম্মতি গ্রহণ করে; তবে পাচারের শিকার কোন শিশু হলে, এ সব পদ্ধতির কোনটাই অনুসৃত হওয়া অতাব্যশ্যক নয়।

অতএব, ধরে-বেধেঁ নিয়ে না গেলে পাচার হয় না, এমন ধারণা নিতান্তই অযৌক্তিক! আবার পতিতাবৃত্তি ছাড়া অন্যান্য উদ্দেশ্যেও পাচার অপরাধ সংঘটিত হতে পারে। সর্বোপরি, যিনি ভিকটিমকে সাথে নিয়ে ভ্রমন করেন, শুধু তিনিই নন, বরং পাচারের শিকারকে চিহ্নিতকারী, নিয়োগকারী, বহনকারী, পরিবহনকারী, ট্রানজিট-প্রদানকারী, সংগ্রহ বা চূড়ান্ত ব্যবসার পরিচালনাকারীসহ সকল সুবিধাভোগী, আশ্রয়দাতা ও গডফাদারদের আইনের আওতায় আনতে হবে।

| বয়স | পদ্ধতি/উপায় | + | কার্য | + | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১৮ বছর বা তদুর্ধ | (ক) ভয়ভীতি প্রদর্শন<br>(খ) বলপ্রয়োগ<br>(গ) প্রতারণা করে বা<br>(ঘ) উক্ত **ব্যক্তির আর্থ-সামাজিক বা পরিবেশগত বা অন্য কোন অসহায়ত্বকে কাজে লাগিয়ে**<br>(ঙ) অর্থ বা অন্য কোন সুবিধা লেনদেন-পূর্বক উক্ত ব্যক্তির উপর নিয়ন্ত্রণ রয়েছে, এমন ব্যক্তির সম্মতি গ্রহণ করে; | | বিক্রয় বা ক্রয়,<br>সংগ্রহ বা গ্রহণ,<br>নির্বাসন বা স্থানান্তর,<br>চালান বা আটক করা বা লুকিয়ে রাখা বা আশ্রয় দেওয়া<br>কিংবা এরূপ পরিস্থিতির শিকার হইতে পারে মর্মে জানা থাকা সত্ত্বেও কাজ বা চাকুরীর উদ্দেশ্যে গমন, অভিবাসন বা বহির্গমন করিতে প্রলুব্ধ বা সহায়তা করা। | | যৌন শোষণ বা নিপীড়ন বা শ্রম শোষণ বা অন্য কোনো শোষণ বা নিপীড়ন। |
| ১৮ বছরের নিম্নে | **ভয়ভীতি, বলপ্রয়োগ, প্রতারণা প্রভৃতি সহ বা ছাড়া** | | | | |

## ১.৩. ভিকটিম এবং পাচারকারীদের প্রোফাইল

### ১.৩.১. পাচারের শিকার কারা হতে পারে?

পাচারের শিকার যে কেউ হতে পারে: প্রাপ্তবয়স্ক, শিশু, মহিলা বা পুরুষ; শিক্ষিত বা নিরক্ষর; শারীরিকভাবে সক্ষম বা প্রতিবন্ধী। মানব পাচারে সম্ভাব্য ভিকটিম বা ক্ষতিগ্রস্থকে টার্গেট বা 'লক্ষ্য' বানানো হয় তার দুর্বলতাকে পুঁজি করে এবং শোষণের উদ্দেশ্যে। তাই সুনির্দিষ্টভাবে বললে, পাচারের জন্য বেশি ঝুঁকিপূর্ণ হচ্ছে-

(ক) সংকট-আক্রান্ত জনগোষ্ঠী
(খ) সঙ্গাহীন শিশু, বিচ্ছিন্ন শিশু বা এতিম
(গ) একক-প্রধান পরিবার, বিশেষ করে যাদের প্রধান মহিলা বা শিশুরা
(ঘ) অল্পবয়সী থেকে মধ্যবয়সী সক্ষম দেহের পুরুষ সক্রিয়ভাবে কাজ খুঁজছেন
(ঙ) গার্হস্থ্য সহিংসতা বা লিঙ্গ ভিত্তিক সহিংসতার কোন প্রকার থেকে বেঁচে থাকা মহিলা ও শিশু
(চ) পাচারকৃত ব্যক্তি (পুনঃপাচারের ঝুঁকি)
(ছ) শরণার্থী, আশ্রয়প্রার্থী, রাষ্ট্রহীন ব্যক্তি এবং দেশের অন্যান্য অ-জাতিক সংকটে
(জ) জাতিগত, জাতিগত, ধর্মীয়, সামাজিক এবং অন্যান্য সংখ্যালঘু গোষ্ঠী
(ঝ) নদীভাঙ্গন বা দুর্যোগ বা অন্য যে কোন কারণে অভ্যন্তরীনভাবে বাস্তুচ্যুত ব্যক্তি বা IDPs
(ঞ)আর্থ-সামাজিক, সংস্কৃতি, জাতি, বর্ণ, গোত্র এবং ধর্ম ভেদে বিভিন্ন পটভূমি থেকে আসা ব্যক্তি

### ১.৩.২. পাচার থেকে ক্ষতির শিকার ব্যক্তি বা সংস্থা

মানব পাচারের কারণে ক্ষতিগ্রস্ত বা নেতিবাচক প্রভাবের সম্মুখীন হতে পারে এমন ব্যাক্তি বা সংস্থাগুলোর বিবরণ নিম্নে দেয়া হলো:

১। ভিকটিম: মানব পাচারের শিকার ব্যক্তিরা যারা অপরাধের ফলে সবচেয়ে প্রত্যক্ষ এবং তাৎক্ষণিক ক্ষতির শিকার হয়। তারা যে শোষণের অভিজ্ঞতা লাভ করেছে তার ফলস্বরূপ তারা শারীরিক, মানসিক ও আবেগগত ক্ষতির সম্মুখীন হতে পারে।

২। পরিবার ও সম্প্রদায়: পরিবার এবং সম্প্রদায়গুলি মানব পাচারের ফলে ক্ষতিগ্রস্থ হতে পারে, কারণ ভুক্তভোগীদের তাদের বাড়ি এবং প্রিয়জনদের কাছ থেকে নিয়ে যাওয়া হতে পারে, মানসিক এবং আর্থিক বোঝা রেখে।

৩। ব্যবসা: মানব পাচারের ফলে বৈধ ব্যবসা ক্ষতিগ্রস্ত হতে পারে, কারণ পাচারকৃত ব্যক্তিরা কম মজুরির জন্য কাজ করতে বাধ্য হতে পারে, যা আইনত নিযুক্ত শ্রমিকদের মজুরি কমিয়ে দেয়।

৪। সরকার: সরকার মানব পাচারের প্রতিক্রিয়ার খরচ বহন করতে পারে, যার মধ্যে আইন প্রয়োগকারীর খরচ, ভিকটিম পরিষেবা এবং প্রতিরোধের প্রচেষ্টা রয়েছে৷ উপরন্তু, পাচারের ফলে কর রাজস্ব হারাতে পারে এবং অর্থনৈতিক উৎপাদনশীলতা হ্রাস পেতে পারে।

৫। সামগ্রিকভাবে সমাজ: মানব পাচার এমন একটি অপরাধ যা মানুষের মর্যাদা এবং মৌলিক মানবাধিকারের প্রতি শ্রদ্ধার মূল্যবোধকে ক্ষুণ্ন করে। পাচারের নেতিবাচক প্রভাব সমাজ জুড়ে প্রতিফলিত হতে পারে, বিশ্বাস এবং সামাজিক সংহতিকে ক্ষুন্ন করে।

### ১.৩.৩. পাচারকারী কে?

মানব পাচারকারীরা, তাদের ভিকটিম বা শিকারের মতোই নানা প্রেক্ষাপটের হতে পারে।

• পাচারকারী পুরুষ বা মহিলা হতে পারে;

• তারা কোন সংঘবদ্ধ অপরাধী গোষ্ঠীর একজন হতে পারে বা স্বতন্ত্রভাবে কাজ করতে পারে

• অভ্যন্তরীনভাবে বাস্তুচ্যুত ব্যক্তিদের একজন হতে পারে কিংবা বৃহত্তর জনগোষ্ঠীর একজন হতে পারে।

• পরিবারের সদস্য, নিকটাত্মীয়, প্রিয়জন বা প্রতিবেশী হতে পারেন

• পাচারকারী একজন শিক্ষক, আইন প্রয়োগকারী কর্মকর্তা, মানবতাবাদী অভিনেতা, ডাক্তার বা ব্যবসায়ী হতে পারে

• কোন রিফিউজি ক্যাম্পে বা বাইরে কাজ করা কেউ হতে পারে।

### ১.৩.৪. পাচারের সুবিধাভোগী

মানব পাচার একটি সংগঠিত অপরাধ, যা মানুষের শোষণের মাধ্যমে আর্থিক বা ব্যক্তিগত লাভ অর্জনের উদ্দেশ্যে সংঘটিত হয়। এই অপরাধের সঙ্গে জড়িত বিভিন্ন ব্যক্তি ও সংস্থা সরাসরি বা পরোক্ষভাবে এই শোষণমূলক কার্যক্রম থেকে উপকৃত হয়। মানব পাচারের প্রকৃতি বুঝতে হলে কে বা কারা পাচার থেকে লাভবান হয়—তাদের সনাক্ত করা ও বিশ্লেষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পাচারের সুবিধাভোগীদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

**১। প্রলুব্ধকারী** (শিকারকারী বা প্রলোভনদাতা):
এরা এমন ব্যক্তি যারা সম্ভাব্য শিকারকে নানা কৌশলে আকৃষ্ট ও বিভ্রান্ত করে। সাধারণত মিথ্যা চাকরির প্রস্তাব, বিদেশে পাঠানোর প্রতিশ্রুতি, অথবা উন্নত জীবনের স্বপ্ন দেখিয়ে তারা শিকারদের ফাঁদে ফেলে।

**২। নিয়োগকর্তা** (শ্রম পাচারে জড়িত):
শ্রম পাচারের ক্ষেত্রে, নিয়োগকর্তারা পাচার হওয়া ব্যক্তিদের থেকে কম মজুরিতে বা ঝুঁকিপূর্ণ পরিবেশে কাজ করিয়ে লাভবান হয়। তারা শ্রমিকদের অধিকার বা সুরক্ষা নিশ্চিত না করেও তাদের ব্যবহার করে।

**৩। দালাল ও মধ্যস্থতাকারী:**
এই গোষ্ঠী পাচারকারী ও গ্রাহকের মধ্যে সংযোগ স্থাপন করে। অনেক সময় তারা মানুষ কেনাবেচা, পরিবহন বা আবাসনের ব্যবস্থা করে থাকে।

**৪। সংগঠক ও রূপরেখাকারী:**
পাচারের মূল সুবিধাভোগী হলো সেই ব্যক্তি বা গোষ্ঠী যারা মানব পাচার সংঘটন, পরিবহন ও শোষণ প্রক্রিয়ার পরিকল্পনা ও নিয়ন্ত্রণ করে। তারা জোরপূর্বক শ্রম, ঋণের দাসত্ব, কিংবা যৌন শোষণের মাধ্যমে অর্থ উপার্জন করে।

**৫। পতিতালয়ের মালিক ও যৌন শোষণ দালাল:**
যৌন পাচারে জড়িত ব্যক্তিরা—যেমন পতিতালয় মালিক, পিম্প বা অন্যান্য দালাল—শিকারদের যৌন সেবাকে পণ্যে পরিণত করে অর্থ উপার্জন করে।

**৬। গ্রাহক বা ভোক্তা:**
যারা পাচারকৃত ব্যক্তিদের কাছ থেকে যৌন পরিষেবা বা জোরপূর্বক শ্রম কেনে—তারা সরাসরি শোষণ প্রক্রিয়ার সুবিধাভোগী হিসেবে বিবেচিত।

**৭। দুর্নীতিগ্রস্ত কর্মকর্তা:**
কিছু সরকারি বা সীমান্ত নিরাপত্তা কর্মকর্তা ঘুষ গ্রহণ করে পাচারকারীদের চলাচলে সহযোগিতা করতে পারে অথবা ইচ্ছাকৃতভাবে চোখ বন্ধ রাখে, যা তাদের পাচার কার্যক্রমে পরোক্ষ অংশীদার করে তোলে।

**৮। সক্রিয়কারক বা সহায়তাকারী** (Enablers):
যারা পাচারকারীদের আর্থিক, আইনি বা লজিস্টিক সহায়তা দেয়, যেমন—ব্যাংকার, হিসাবরক্ষক, পরিবহন ব্যবস্থা প্রদানকারী, কিংবা আইনজীবী। তারা জেনেবুঝে এই অপরাধে সহায়তা করে এবং লাভবান হয়।

**৯। তৃতীয় পক্ষ** (Thirdparty beneficiaries):
কিছু ব্যক্তি বা প্রতিষ্ঠান জেনে বা না জেনে পাচারকৃত শ্রম বা সেবা ব্যবহার করে উপকৃত হয়। যেমন: কোনো প্রতিষ্ঠান যদি সস্তা পণ্য উৎপাদনের জন্য পাচারকৃত শ্রমিক ব্যবহার করে, তবে তারাও এই অপরাধের সুবিধাভোগী।

মানব পাচারের সুবিধাভোগীরা একক কোনো গোষ্ঠী নয়—এরা সমাজের বিভিন্ন স্তরে ছড়িয়ে থাকে এবং তাদের ভূমিকা প্রেক্ষাপটভেদে পরিবর্তিত হয়। এই সমস্ত পক্ষকে চিহ্নিত করে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করাই মানব পাচার প্রতিরোধে অন্যতম প্রধান কৌশল।

## ১.৪. পাচারের ক্ষেত্রে শোষণের ধরন

পাচারের ভিকটিমরা কি ধরনের শোষণের শিকার হয়, তার বিবরণ নিম্নে তুলে ধরা হলো। মনে রাখতে হবে, এ তালিকাটি সম্পুর্ণ নয়।

১. সশস্ত্র সংঘাতে জোরপূর্বক অংশগ্রহণ: অ-রাষ্ট্রীয় সশস্ত্র গোষ্ঠী (এনএসএজি) এবং অন্যান্য বিদ্রোহী গোষ্ঠী বা মিলিশিয়া) শিশু বা প্রাপ্তবয়স্কদের অস্ত্র তুলে দিতে বাধ্য করে, কখনও রান্নাবান্না, পরিষ্কার পরিচ্ছন্নতা, গুপ্তচরবৃত্তি বা যৌন দাসত্বের জন্য তাদের ব্যবহার করে।

২. যৌন শোষণ: ভুক্তভোগীদের ইচ্ছার বিরুদ্ধে যৌন কাজে বাধ্য করা হয় — যেমন ম্যাসেজ সেন্টার, হোটেল, রাস্তার পতিতাবৃত্তি, বা এসকর্ট সার্ভিসে।

৩. পর্নোগ্রাফি তৈরি : ভুক্তভোগীকে ছবি, ভিডিও বা লাইভ শোতে যৌন কার্যকলাপে বাধ্য করা হয়।

৪. বাধ্যতামূলক শ্রম: ভবন তৈরি, মাছ ধরা, কৃষিকাজ, খনিতে খাটানো, অথবা হোটেলরেস্তোরাঁয় খাটানো হয় জোর করে।

৫. জোরপূর্বক বিয়ে: অর্থনৈতিক বা সামাজিক চাপের মুখে মেয়েদের জোর করে বিয়ে দিয়ে দেওয়া হয় — কখনও নিরাপত্তার বিনিময়ে, কখনও চুক্তির কারণে।

৬. গৃহস্থালী দাসত্ব:  ছেলেমেয়েদের আত্মীয় বা অপরিচিতের বাসায় গৃহকর্মে লাগানো হয়। তাদের ঠিকমতো খাবার, বেতন, কিংবা শিক্ষা দেওয়া হয় না।

৭. জোর করে ভিক্ষা বা পণ্য বিক্রি করানো: অনেক শিশু, প্রতিবন্ধী বা বৃদ্ধকে রাস্তার মোড়ে দাঁড় করিয়ে ভিক্ষা করানো হয়। উপার্জনের টাকা তারা পায় না।

৮. অপরাধে বাধ্য করা: শিশুদের বা কিশোরদের চুরি, মাদক বিক্রি বা অস্ত্র পাচারে বাধ্য করা হয়।

৯. অঙ্গ বিক্রি: কখনও কিডনি, লিভার বা টিস্যু জোর করে কেটে নেওয়া হয়।

১০. দাসত্ব : একজন মানুষকে নিজের ইচ্ছার বিরুদ্ধে অন্যের নিয়ন্ত্রণে থাকতে বাধ্য করা।

১১. ঋণের বন্ধন : ঋণের বিনিময়ে কাউকে শ্রম দিতে বাধ্য করা — যেখানে সেই ঋণ শোধ হয় না কখনও।

১২. একাধিক ধরনের শোষণ: একজন মানুষ একসাথে একাধিক শোষণের শিকার হতে পারে — যেমন যৌন শোষণ ও শ্রম শোষণ।

১৩. শিশু উৎপাদন বা কুসংস্কারে ব্যবহার: মেয়েদের গর্ভধারণে বাধ্য করা হয় সন্তান উৎপাদনের জন্য, বা শিশুর অঙ্গ কুসংস্কারে ব্যবহারের জন্য বিক্রি করা হয়।

## ১.৫. পাচারের শিকারদের নিয়ন্ত্রণের কৌশল

মানব পাচারকারীরা যেসব মানুষকে ফাঁদে ফেলে, তাদের নিজেদের নিয়ন্ত্রণে রাখতে অনেক ধরণের কৌশল বা চালাকি ব্যবহার করে। সবসময় এসব কৌশল হিংস্র বা ভয়ঙ্কর নাও হতে পারে—কিছু পদ্ধতি বেশ সূক্ষ্ম ও গোপন থাকে, যাতে ভুক্তভোগীরা বুঝতেই পারে না যে তারা নিয়ন্ত্রিত হচ্ছে।

নিচে কিছু সাধারণ নিয়ন্ত্রণের পদ্ধতি দেওয়া হলো:

| নিয়ন্ত্রণ পদ্ধতি | কীভাবে ব্যবহার করা হয় |
|---|---|
| শারীরিক সহিংসতা | মারধর, যৌন নির্যাতন বা হত্যার ভয় দেখানো |
| প্রতারণা ও হুমকি | মিথ্যা চাকরির আশ্বাস, পরে ভয় দেখানো |
| ভালবাসা/সম্পর্ক | প্রেমের সম্পর্ক গড়ে তুলে ফাঁদে ফেলা |
| ব্র্যান্ডিং/ট্যাটু | দাস হিসেবে চিহ্নিত করার জন্য শরীরে ট্যাটু |
| কারাবাস | ঘরে বা ছোট জায়গায় আটকে রাখা |
| মানসিক নির্যাতন | অপমান করা, আত্মবিশ্বাস ভেঙে দেওয়া |
| সীমিত স্বাধীনতা | বাইরে যেতে না দেওয়া, ফোন/ইন্টারনেট বন্ধ |
| পরিবারকে ভয় দেখানো | "পালালে তোমার পরিবারকে ক্ষতি করবো" |
| মিথ্যা প্রতিশ্রুতি | ভালো বেতন বা ভিসার প্রতিশ্রুতি দিয়ে ধোঁকা |
| ঋণের দাসত্ব | ভুয়া খরচ দেখিয়ে ঋণ ফাঁদে ফেলা |
| ধর্ম বা সংস্কৃতির অপব্যবহার | ধর্মীয় বা কুসংস্কার ব্যবহার করে ভয় দেখানো |
| পিতামাতার সম্মতি ব্যবহার | অভিভাবকদের বোঝানো বা ভুল তথ্য দেওয়া |

মনে রাখবেন: যদি কাউকে শারীরিকভাবে আঘাত নাও করা হয়, তবুও সে যদি উপরের যেকোনো কৌশলের মাধ্যমে নিয়ন্ত্রিত থাকে — তাহলে সে একজন মানব পাচারের শিকার।

**কেস স্টাডি ১: "সাবিনার প্রেমজ ফাঁদ"** (রোমান্স + সীমাবদ্ধতা + হুমকি)
**ঘটনা:** সাবিনা (১৭) ফেসবুকে "রায়হান" নামের এক ছেলের সঙ্গে পরিচিত হয়। এক সময় রায়হান বলে, "চলো ঢাকা ঘুরতে যাই"। ঢাকায় নিয়ে সে সাবিনাকে একটি হোটেলে রাখে। কিছুদিন পর সাবিনাকে বলে, "তোমাকে ভালোবাসি, কিন্তু এখন তোমাকে কিছুদিন কাজ করতে হবে।"

**নিয়ন্ত্রণ পদ্ধতি:**
প্রেমের সম্পর্ক গড়ে বিশ্বাস তৈরি
বাইরে যেতে না দেওয়া
পরিবারে জানিয়ে দেওয়ার ভয়
পরে বাধ্য করে যৌন কাজে
**ব্যবহৃত পদ্ধতি:** রোমান্স, সীমিত স্বাধীনতা, মিথ্যা প্রতিশ্রুতি, হুমকি

**কেস স্টাডি ২: "জাহিদের বিদেশ যাওয়ার স্বপ্ন"** (ঋণের দাসত্ব + সহিংসতা)

**ঘটনা:** জাহিদ (২৫) দালালের মাধ্যমে সৌদি আরব যায়। সেখানে যাওয়ার পর দেখা যায়, পাসপোর্ট নিয়ে নেওয়া হয়েছে, কাজ না করলেও বেতন কাটা হয়। একবার পালাতে গিয়ে ধরা পড়লে তাকে মারধর করা হয়। সে কখনও সাহস করে বাংলাদেশ দূতাবাসেও যেতে পারেনি।

**নিয়ন্ত্রণ পদ্ধতি:**
পাসপোর্ট কেড়ে নেওয়া
শারীরিক নির্যাতন
পালানোর পর হুমকি
পরিবারে ক্ষতির ভয়

**ব্যবহৃত পদ্ধতি:** সহিংসতা, ঋণের বন্ধন, হুমকি, সীমিত স্বাধীনতা

### ১.৬. পাচারের পরিণতি ও ভিকটিমের উপর পাচারের আচরণগত প্রভাব

মানব পাচার শুধু একজন মানুষকে শোষণ করে না—এটি তার শরীর, মন ও আত্মবিশ্বাসকে ধ্বংস করে দেয়। বিশেষ করে, যারা আগে থেকেই গরিব, বাস্তুচ্যুত (যেমন শরণার্থী), বা যুদ্ধ/conflictএ ক্ষতিগ্রস্ত—তাদের ওপর এই প্রভাব আরও মারাত্মক হয়।

**পাচারের সময় শিকার কী কী সহ্য করে:**
শারীরিক নির্যাতন (মারধর, ঘুম ও খাবার বন্ধ রাখা)
যৌন নির্যাতন (ইচ্ছার বিরুদ্ধে ব্যবহার)
মানসিক নির্যাতন (ভয়, অপমান, একঘরে করা)
কাজের জন্য জোর করা, প্রতারণা, অপমানজনক কাজ

এই অভিজ্ঞতাগুলো দীর্ঘ সময় ধরে চলতে পারে। তাই, মানব পাচার সাধারণ অপরাধের মতো একবার হয় না—এটা দীর্ঘকালীন নির্যাতনের মতো।

পাচারের কারণে ভুক্তভোগীর আচরণে যেসব পরিবর্তন দেখা যায়:

| আচরণ | কীভাবে দেখা যায় |
|---|---|
| ভয় বা দ্বিধা | নিজের অভিজ্ঞতা বুঝাতে বা বলতে পারে না |
| ভিন্ন ভিন্ন কথা | একবার একরকম বলে, আবার বদলে ফেলে |
| স্মৃতি হারানো | কী ঘটেছে তা ভুলে যেতে পারে |
| নিজের দুঃখ গোপন রাখা | বলার সময় হেসে ফেলতে পারে বা হালকা করে বলে |
